

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
ঢাকা

১৯.০০.০০০০.১১১.৪০.৪৫২.২০/১৭১২

২৫ অক্টোবর ২০২১

প্রেরক: মোহাম্মদ আল আলেমুল ইমাম  
পরিচালক (সংস্থাপন)

প্রাপক: জনাব মোঃ ইফতেখার রহমান  
সহকারী সচিব (পূর্ব এশিয়া ও প্রশান্ত)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


**বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর আসন্ন যুক্তরাজ্য সফর উপলক্ষ্যে বাংলাদেশ হাই কমিশন, লন্ডন-কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আগামী ০৩-০৯ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত লন্ডন সফরের মঞ্জুরি প্রসঙ্গে।**

আদিষ্ট হয়ে মাননীয় প্রধানমন্ত্রীর আসন্ন যুক্তরাজ্য সফর উপলক্ষ্যে বাংলাদেশ হাই কমিশন, লন্ডন-কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আগামী ০৩-০৯ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত আপনার লন্ডন সফরের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলি নিম্নরূপ:

- ভ্রমণকালীন আপনি সরকারি কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবে;
- আপনি যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন এবং এ ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থ-বছরের বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে সংকুলান করা হবে;
- আপনি আগামী ০৩ নভেম্বর ২০২১ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে লন্ডন-এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ০৯ নভেম্বর ২০২১ বা তার নিকটবর্তী সময়ে ঢাকা-এর উদ্দেশ্যে লন্ডন ত্যাগ করবেন;
- অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করতে পারবেন না।

০৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


  
২৫/১০/২০২১  
(মোহাম্মদ আল আলেমুল ইমাম)  
পরিচালক (সংস্থাপন)

১৯.০০.০০০০.১১১.৪০.৪৫২.২০/১৭১২

২৫ অক্টোবর ২০২১

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মহাপরিচালক (প্রশাসন/ পশ্চিম ইউরোপ ও ইইউ/ পূর্ব এশিয়া ও প্রশান্ত/ কনস্যুলার/ পররাষ্ট্র সচিবের দপ্তর)/ রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/ পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/ সংস্থাপন/ অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সহকারী সচিব (তহবিল/অডিট ও পেনশন)/সহকারী সচিব (আইসিটি-ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা (বহিরাগমন সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
- ৬। দূতালয় প্রধান, বাংলাদেশ হাই কমিশন, লন্ডন।
- ৭। অফিস কপি।

  
২৫.১০.২১  
(মোঃ রহমত আলী)  
সহকারী সচিব (সংস্থাপন-১)  
ফোনঃ ২২৩৩৮৪০৭৮  
ইমেইল: p1@mofa.gov.bd